বাংলা

পাঠ ৫

# আবার পড়ি ফলাচিহ্ন

য্য প্র ব্র দ্ব ত্ন স্ম শ্ব স্ব গ্র ন্য দ্ম ব্য

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।
৫.২ যুক্তবর্ণ ও ফলাযোগে গঠিত শব্দ ও বিভিন্ন ধরনের বাংলা বাক্য প্রমিত উচ্চারণে বলতে পারা।
৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৪

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-১৫ | ব-ফলা |
| পিরিয়ড-১৬ | ম-ফলা |
| পিরিয়ড-১৭ | য-ফলা |
| পিরিয়ড-১৮ | র-ফলা |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাধীন | শহিদ | পদ্ম | সাহায্য | গ্রহ | পৃথিবী |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

চলো, পারি কি না দেখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১

১ পড়ি ও লিখি

দ্বিতীয় স্বাধীন বিশ্ব

উত্তর :

| | | |
|---|---|---|
| দ্বিতীয় | স্বাধীন | বিশ্ব |
| দ্বীপ | স্বাগত | শ্বাস |
| দ্বার | স্বচ্ছ | বিশ্বাস |
| দ্বাদশ | স্বভাব | প্রশ্বাস |
| দ্বন্দ্ব | স্বপ্ন | অশ্ব |

**২ পড়ি ও লিখি**

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৩

| | | |
|---|---|---|
| স্মরণ | পদ্ম | আত্মীয় |
| | | |
| | | |
| | | |
| | | |

উত্তর :

| | | |
|---|---|---|
| স্মরণ | পদ্ম | আত্মীয় |
| স্মারক | পদ্মা | আত্মা |
| স্মৃতি | পদ্মাবতী | আত্মকথা |
| সম্মান | পদ্মাসন | আত্মোৎসর্গ |
| স্মরণীয় | পদ্মরাগ | আত্মবিশ্বাস |

**৩ পড়ি ও লিখি**

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৪

| | | |
|---|---|---|
| ব্যয় | ধন্যবাদ | সাহায্য |
| | | |
| | | |
| | | |
| | | |

উত্তর :

| | | |
|---|---|---|
| ব্যয় | ধন্যবাদ | সাহায্য |
| ব্যবহার | মান্য | ন্যায্য |
| ন্যস্ত | শূন্য | অন্যায্য |
| ন্যায় | অনন্য | আতিশয্য |
| ব্যথা | বন্য | অন্যায্য |

৪ পড়ি ও লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৫

| গ্রহ | প্রতিবেশী | তীব্র |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |

উত্তর :

| গ্রহ | প্রতিবেশী | তীব্র |
|---|---|---|
| গ্রাম | প্রাণ | ব্রহ্মপুত্র |
| গ্রীষ্ম | প্রমাণ | ব্রত |
| গ্রন্থ | প্রাণী | ব্রণ |
| গ্রহণ | প্রয়োজন | ব্রজ |

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ১৫** ব-ফলা

**প্রশ্ন ১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. তোমরা দ্বিতীয় শ্রেণিতে কী কী ফলাচিহ্ন পড়েছিলে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা দ্বিতীয় শ্রেণিতে ব, ম, য ও র ফলাচিহ্ন পড়েছিলাম।

**প্রশ্ন খ. দুটি ফলাচিহ্নের উদাহরণ দাও।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** দুটি ফলাচিহ্ন : ক. বিশ্ব — শ্ব – শ + (্ব ব-ফলা)

খ. ক্রয় — ক্র – ক + (্র র-ফলা)

**প্রশ্ন গ. ফলাচিহ্ন কোন বর্ণের সাথে যুক্ত হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ফলাচিহ্ন ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হয়।

**প্রশ্ন ঘ. স্বাধীন, দ্বিতীয় ও বিশ্ব শব্দের কোন বর্ণের নিচে ফলা যুক্ত হয়েছে এবং তার নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** স্বাধীন, দ্বিতীয় ও বিশ্ব শব্দের স, দ ও শ-এর নিচে ফলা যুক্ত হয়েছে। আর ফলাটির নাম ব-ফলা।

**প্রশ্ন ঙ. বাংলাদেশ কেমন দেশ?**

**উত্তর :** বাংলাদেশ স্বাধীন দেশ।

**প্রশ্ন ২. খালি ঘরে ব-ফলাযুক্ত বর্ণ বসিয়ে শব্দ তৈরি কর।**

| | | | |
|---|---|---|---|
| ☐ | তীয় | = | ☐ |
| ☐ | ধীন | = | ☐ |
| বি | ☐ | = | ☐ |
| অ | ☐ | = | ☐ |
| ☐ | প্ন | = | ☐ |

উত্তর :

| | | | |
|---|---|---|---|
| দ্বি | তীয় | = | দ্বিতীয় |
| স্বা | ধীন | = | স্বাধীন |
| বি | শ্ব | = | বিশ্ব |
| অ | শ্ব | = | অশ্ব |
| স্ব | প্ন | = | স্বপ্ন |

**প্রশ্ন ৩. অনুচ্ছেদে কয়টি এবং কী কী ব-ফলাযুক্ত শব্দ আছে লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

আমি খেলায় দ্বিতীয় হয়েছি। বাংলাদেশ স্বাধীন দেশ। বিশ্বে নানা রকম মানুষ বাস করে।

**উত্তর :** অনুচ্ছেদে তিনটি ব-ফলাযুক্ত শব্দ রয়েছে। যথা—

ক. দ্বিতীয়, খ. স্বাধীন, গ. বিশ্বে।

**প্রশ্ন ৪. নিচের শব্দ দিয়ে দুটি করে বাক্য লেখ।**

দ্বিতীয়, স্বাধীন, বিশ্ব। ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| দ্বিতীয় | ক. দ্বিতীয় ছবিটি দেখ।<br>খ. আমি মেধা তালিকায় দ্বিতীয় হয়েছি। |
| স্বাধীন | ক. আমরা স্বাধীন দেশের নাগরিক।<br>খ. বাংলাদেশ স্বাধীন দেশ। |
| বিশ্ব | ক. আমি বিশ্ব ঘুরে দেখব।<br>খ. এই বিশ্ব জীবের উপযোগী। |

## পিরিয়ড ১৬ ম-ফলা

**প্রশ্ন ৫. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. 'স্মরণ' শব্দের স-এর নিচে যে বর্ণটি তার নাম কী?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'স্মরণ' শব্দের স-এর নিচে যে বর্ণটি তার নাম ম-ফলা।

**প্রশ্ন খ. আমরা কাদের স্মরণ করি?**

**উত্তর :** আমরা শহিদদের স্মরণ করি।

**প্রশ্ন গ. দিঘির জলে কী ফুটেছে?**

**উত্তর :** দিঘির জলে পদ্ম ফুটেছে?

**প্রশ্ন ঘ. আত্মীয় এলে কী করতে হবে?**

**উত্তর :** আত্মীয় এলে বসতে দিতে হবে।

**প্রশ্ন ৬. খালি ঘরে ম-ফলাযুক্ত বর্ণ বসিয়ে শব্দ তৈরি কর।**

| | | | | |
|---|---|---|---|---|
| [ ] | রণ | | = | [ ] |
| প | [ ] | | = | [ ] |
| আ | [ ] | য় | = | [ ] |
| [ ] | তি | | = | [ ] |
| আ | [ ] | | = | [ ] |

**উত্তর :**

| | | | | |
|---|---|---|---|---|
| স্ম | রণ | | = | স্মরণ |
| প | দ্ম | | = | পদ্ম |
| আ | ত্মী | য় | = | আত্মীয় |
| স্মৃ | তি | | = | স্মৃতি |
| আ | ত্মা | | = | আত্মা |

**প্রশ্ন ৭. নিচের ম-ফলাযুক্ত বর্ণযোগে গঠিত শব্দগুলোর পাশে টিক (√) চিহ্ন দাও।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

রশ্মি, খাতা, অশ্ব, জন্ম, বিশ্বাস, সূক্ষ্ম, বই, ভস্ম, মেঘলা, আয়ত্ত, বন্ধুত্ব, মহাত্মা, মানুষ, নিশ্বাস, স্মৃতি, আষাঢ়, ঘোড়া।

**উত্তর :**

| শব্দ | ম-ফলাযুক্ত শব্দ |
|---|---|
| রশ্মি | ✓ |
| খাতা | |
| অশ্ব | |
| জন্ম | ✓ |
| বিশ্বাস | |
| সূক্ষ্ম | ✓ |
| বই | |
| ভস্ম | ✓ |
| মেঘলা | |
| আয়ত্ত | |
| বন্ধুত্ব | |
| মহাত্মা | ✓ |
| মানুষ | |
| নিশ্বাস | |
| স্মৃতি | ✓ |
| আষাঢ় | |
| ঘোড়া | |

**প্রশ্ন ৮. নিচের শব্দ দিয়ে দুটি করে বাক্য লেখ।**

স্মরণ, পদ্ম, আত্মীয়। ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| স্মরণ | ক. আমরা সৃষ্টিকর্তাকে স্মরণ করি।<br>খ. আমরা শহিদদের স্মরণ করি। |
| পদ্ম | ক. পদ্ম আমার প্রিয় ফুল।<br>খ. পদ্ম ফুল দেখতে খুব সুন্দর। |
| আত্মীয় | ক. আত্মীয়দের সাথে খারাপ ব্যবহার কোরো না।<br>খ. আত্মীয়দের সাহায্য করা উচিত। |

## পিরিয়ড ১৭ য-ফলা

**প্রশ্ন ৯. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. আমরা কী বুঝে ব্যয় করব?**

উত্তর : আমরা আয় বুঝে ব্যয় করব।

**প্রশ্ন খ. আমরা কাকে সাহায্য করব?**

উত্তর : আমরা অপরকে সাহায্য করব।

**প্রশ্ন গ. 'তোমাকে ধন্যবাদ'– নিম্নরেখ শব্দে 'ন' বর্ণের সাথে কোন ফলা যুক্ত হয়েছে?**

উত্তর : 'তোমাকে ধন্যবাদ'– নিম্নরেখ শব্দে 'ন' বর্ণের সাথে য (্য) ফলা যুক্ত হয়েছে।

**প্রশ্ন ১০. খালি ঘরে য-ফলাযুক্ত বর্ণ বসিয়ে শব্দ তৈরি কর।**

| | | | | |
|---|---|---|---|---|
| ☐ | য় | | = | ☐ |
| ধ | ☐ | বাদ | = | ☐ |
| সাহা | ☐ | | = | ☐ |
| মা | ☐ | | = | ☐ |
| শূ | ☐ | | = | ☐ |

**উত্তর :**

| | | | | |
|---|---|---|---|---|
| ব্য | য় | | = | ব্যয় |
| ধ | ন্য | বাদ | = | ধন্যবাদ |
| সাহা | য্য | | = | সাহায্য |
| মা | ন্য | | = | মান্য |
| শূ | ন্য | | = | শূন্য |

**প্রশ্ন ১১. য-ফলা যুক্ত করে পাঁচটি শব্দ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ব্যয়, ধন্যবাদ, সাহায্য, স্বাস্থ্য, অন্যায়।

**প্রশ্ন ১২. নিচের শব্দগুলো পড়ে য-ফলাযুক্ত শব্দের পাশে টিক (✓) চিহ্ন এবং ব-ফলাযুক্ত শব্দের পাশে ক্রস (×) চিহ্ন দাও।**

আত্মা, ব্যয়, ধন্যবাদ, স্মৃতি, ব্যবহার, ত্বক, বন্ধুত্ব, ব্যাকুল, দ্বিতীয়, সন্ন্যাসী, স্বাস্থ্য, পদ্ম। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| শব্দ | য-ফলাযুক্ত শব্দ |
|---|---|
| আত্মা | |
| ব্যয় | ✓ |
| ধন্যবাদ | ✓ |
| স্মৃতি | |
| ব্যবহার | ✓ |
| ত্বক | × |
| বন্ধুত্ব | × |
| ব্যাকুল | ✓ |
| দ্বিতীয় | × |
| সন্ন্যাসী | ✓ |
| স্বাস্থ্য | ✓ |
| পদ্ম | |

## পিরিয়ড ১৮ র-ফলা

**প্রশ্ন ১৩. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. পৃথিবী একটি কী?**

উত্তর : পৃথিবী একটি গ্রহ।

**প্রশ্ন খ. প্রতিবেশীর সাথে কীভাবে থাকব?**

উত্তর : প্রতিবেশীর সাথে মিলেমিশে থাকব।

**প্রশ্ন গ. 'তীব্র শীত পড়েছে'– নিম্নরেখ শব্দটি কোন ফলা দিয়ে গঠিত?**

উত্তর : 'তীব্র শীত পড়েছে'– নিম্নরেখ শব্দটি র (্র) ফলা দিয়ে গঠিত।

**প্রশ্ন ১৪. খালি ঘরে র-ফলাযুক্ত বর্ণ বসিয়ে শব্দ তৈরি কর।**

| | | | |
|---|---|---|---|
| ☐ | হ | = | ☐ |
| ☐ | ম | = | ☐ |
| ☐ | ণ | = | ☐ |
| ☐ | হণ | = | ☐ |
| ☐ | মাণ | = | ☐ |

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| গ্র | হ | = | গ্রহ |
| গ্রা | ম | = | গ্রাম |
| প্রা | ণ | = | প্রাণ |
| গ্র | হণ | = | গ্রহণ |
| প্র | মাণ | = | প্রমাণ |

**প্রশ্ন ১৫. নিচের অনুচ্ছেদে কয়টি র-ফলাযুক্ত শব্দ আছে তা খুঁজে বের করে লেখ।**

আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। গ্রামের পরিবেশ আমার ভালো লাগে। ভ্রমণ আমার প্রিয় শখ।

**উত্তর :** অনুচ্ছেদে চারটি র-ফলাযুক্ত শব্দ আছে। যেমন : ক. শ্রেণি, খ. গ্রাম, গ. ভ্রমণ, ঘ. প্রিয়।

**প্রশ্ন ১৬. নিচের শব্দ দিয়ে দুটি করে বাক্য লেখ।**

পত্র, প্রশ্ন, ক্ষেত্র, ছাত্রী, মাত্র। ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| পত্র | ক. অন্যের পত্র পড়া উচিত নয়। |
| | খ. তোমার বাবার নিকট পত্র লেখ। |
| প্রশ্ন | ক. প্রশ্নটি ভালোভাবে পড়ো। |
| | খ. পড়া না বুঝলে শিক্ষককে প্রশ্ন কর। |
| ক্ষেত্র | ক. ক্ষেত্রফল নির্ণয় কর। |
| | খ. একটি বর্গক্ষেত্র আঁক। |
| ছাত্রী | ক. দ্বিতীয় শ্রেণিতে ছাত্রী সংখ্যা ৩০ জন। |
| | খ. ছাত্রীদের প্রতি বিশেষ খেয়াল রাখতে হবে। |
| মাত্র | ক. আমি এই মাত্র বাড়ি এলাম। |
| | খ. বলের দাম তিনশ টাকা মাত্র। |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের কাছে শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের ব-ফলাযুক্ত বর্ণযোগে গঠিত শব্দের পাশে টিক (√) চিহ্ন দাও।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

বাংলাদেশ, অশ্ব, সাহায্য, বিশ্বাস, বই, মেঘলা, আয়ত্ত, বন্ধুত্ব, মানুষ, নিশ্বাস, আষাঢ়, ত্বক, ঘোড়া, স্বাদ, শ্বাস।

**উত্তর :**

| শব্দ | ব-ফলাযুক্ত শব্দ |
|---|---|
| বাংলাদেশ | |
| অশ্ব | ✓ |
| সাহায্য | |
| বিশ্বাস | ✓ |
| বই | |
| মেঘলা | |
| আয়ত্ত | |
| বন্ধুত্ব | ✓ |
| মানুষ | |
| নিশ্বাস | ✓ |
| আষাঢ় | |
| ত্বক | ✓ |
| ঘোড়া | |
| স্বাদ | ✓ |
| শ্বাস | ✓ |

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

আত্মা, বিস্ময়, লক্ষ্মী, গ্রীষ্ম, যুগ্ম। ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| আত্মা | শুদ্ধ আত্মার ব্যক্তি সুখী হন। |
| বিস্ময় | রাজু একজন বিস্ময়কর বালক। |
| লক্ষ্মী | লক্ষ্মী হিন্দুদের দেবী। |
| গ্রীষ্ম | গ্রীষ্মকালে ফল পাকে। |
| যুগ্ম | তিনি কমিটির যুগ্ম আহ্বায়ক নিযুক্ত হলেন। |

**প্রশ্ন ৩. য-ফলাযুক্ত শব্দ দিয়ে পাঁচটি বাক্য লেখ।**

ব্যয়, ধন্যবাদ, সাহায্য। ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| | |
|---|---|
| ব্যয় | আয় বুঝে ব্যয় করি। |
| ধন্যবাদ | আপনাকে অনেক ধন্যবাদ। |
| সাহায্য | কারও বিপদে সাহায্য করা মহৎ কাজ। |

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৪. ফলা কাকে বলে?**

**উত্তর :** ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলা হয়।

**প্রশ্ন ৫. ফলা কত ধরনের ও কী কী?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বাংলা বর্ণমালায় ফলাচিহ্ন ছয়টি। যেমন : ব-ফলা, য-ফলা, ম-ফলা, র-ফলা, ল-ফলা ও ন-ফলা।

**প্রশ্ন ৬. স্বাদ, দ্বিতীয়, বিশ্বাস— কোন ফলার উদাহরণ?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** স্বাদ, দ্বিতীয়, বিশ্বাস— এগুলো ব-ফলার উদাহরণ।

**প্রশ্ন ৭. স্মরণ, পদ্ম, আত্মীয়— কোন ফলার উদাহরণ?** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** স্মরণ, পদ্ম, আত্মীয়— এগুলো ম-ফলার উদাহরণ।

**প্রশ্ন ৮. ব্যয়, ধন্যবাদ, সাহায্য– শব্দগুলো কোন ফলা দিয়ে গঠিত হয়েছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : ব্যয়, ধন্যবাদ, সাহায্য– শব্দগুলো য-ফলা দিয়ে গঠিত হয়েছে।

**প্রশ্ন ৯. র-ফলা যুক্ত করে পাঁচটি শব্দ লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

উত্তর : গ্রহ, প্রতিবেশী, তীব্র, প্রশ্ন, কেন্দ্র।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই


**প্রশ্ন ১০. দলীয় কাজ : দুটি দলে বিভক্ত হয়ে ম-ফলাযুক্ত বর্ণ দিয়ে পাঁচটি করে শব্দ গঠন কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর : প্রথম দল :** আত্মা, বিস্ময়, পদ্ম, স্মৃতি, লক্ষ্মী।

**দ্বিতীয় দল :** গ্রীষ্ম, যুগ্ম, জন্ম, সম্মান, উন্মাদ।

## লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১১. ছবি দেখে নিচের প্রশ্নের উত্তর লেখ।**



**প্রশ্ন ক. এটি কীসের ছবি? কী উদ্দেশ্যে এটি তৈরি করা হয়েছে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** এটি শহিদ মিনারের ছবি। ভাষাশহিদদের স্মরণে তৈরি করা হয়েছে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| ব-ফলাযুক্ত শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| ব-ফলাযুক্ত শব্দের ধ্বনি বলতে পেরেছে। | | | |
| স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য পড়তে পেরেছে। | | | |
| সঠিক আকৃতিতে ব-ফলা লিখতে পেরেছে। | | | |
| ব-ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পেরেছে। | | | |
| ম-ফলাযুক্ত শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| ম-ফলাযুক্ত শব্দের ধ্বনি বলতে পেরেছে। | | | |
| সঠিক আকৃতিতে ম-ফলা লিখতে পেরেছে। | | | |
| ম-ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পেরেছে। | | | |
| য-ফলাযুক্ত শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| য-ফলাযুক্ত শব্দের ধ্বনি বলতে পেরেছে। | | | |
| সঠিক আকৃতিতে য-ফলা লিখতে পেরেছে। | | | |
| য-ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পেরেছে। | | | |
| র-ফলাযুক্ত শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| র-ফলাযুক্ত শব্দের ধ্বনি বলতে পেরেছে। | | | |
| সঠিক আকৃতিতে র-ফলা লিখতে পেরেছে। | | | |
| র-ফলাচিহ্ন সহযোগে শব্দ লিখতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............


শিক্ষার্থীর নাম :.............................................. শ্রেণি :.............................................. রোল নম্বর : ☐

১। নিচের শব্দ দিয়ে দুটি করে বাক্য রচনা কর।

| প্রদত্ত শব্দ | নতুন বাক্য লিখি |
|---|---|
| দ্বিতীয় | ১.<br>২. |
| স্বাধীন | ১.<br>২. |
| বিশ্ব | ১.<br>২. |
| স্মরণ | ১.<br>২. |
| পদ্ম | ১.<br>২. |
| আত্মীয় | ১.<br>২. |

২। য-ফলাযুক্ত শব্দ দিয়ে পাঁচটি বাক্য লেখ।
ব্যয়, ব্যবহার, ধন্যবাদ, সাহায্য, অন্যায়।

৩।



এটি কীসের ছবি? কী উদ্দেশ্যে এটি তৈরি করা হয়েছে?

### উত্তরমালা

১ ▶

| প্রদত্ত শব্দ | বাক্য |
|---|---|
| দ্বিতীয় | ১. দ্বিতীয় ছবিটি দেখো।<br>২. আমি মেধা তালিকায় দ্বিতীয় হয়েছি। |
| স্বাধীন | ১. আমরা স্বাধীন দেশের নাগরিক।<br>২. বাংলাদেশ স্বাধীন দেশ। |
| বিশ্ব | ১. আমি বিশ্ব ঘুরে দেখব।<br>২. এই বিশ্ব জীবের উপযোগী। |
| স্মরণ | ১. আমরা সৃষ্টিকর্তাকে স্মরণ করি।<br>২. আমরা শহিদদের স্মরণ করি। |
| পদ্ম | ১. পদ্ম আমার প্রিয় ফুল।<br>২. পদ্ম ফুল দেখতে খুব সুন্দর। |
| আত্মীয় | ১. আত্মীয়দের সাথে খারাপ ব্যবহার কোরো না।<br>২. আত্মীয়দের সাহায্য করা উচিত। |

২ ▶

| | |
|---|---|
| ব্যয় | আয় বুঝে ব্যয় করি। |
| ব্যবহার | ব্যবহার ভালো যার, বন্ধু সবাই হবে তার। |
| ধন্যবাদ | আপনাকে অনেক ধন্যবাদ। |
| সাহায্য | কারও বিপদে সাহায্য করা মহৎ কাজ। |
| অন্যায় | অন্যায় কাজ কোরো না। |

৩ ▶ এটি শহিদ মিনারের ছবি। ভাষাশহিদদের স্মরণে তৈরি করা হয়েছে।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐